

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিম, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
E-mail: pbgsedep2021@gmail.com

স্মারক নং: পিবিজিএসআই/এসইডিপি/পুরস্কার(অংশ-১)/৪৮/২০২৪/ ২০৫

তারিখ: ১০ ই জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিমের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে “উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার” এবং “উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার” এর অর্থ প্রদানের লক্ষ্যে উপজেলা/থানাভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের অগ্রণী ব্যাংক পিএলসি এর একাউন্ট খোলা ও একাউন্ট নম্বরসহ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: পিবিজিএসআই/এসইডিপি/পুরস্কার(অংশ-১)/৪৮/২০২৪/১৯৮; তারিখ: ১৪/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)” স্কিমের আওতায় চলতি অর্থবছরে (২০২৪-২৫) “উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার” এবং উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার” প্রদানের লক্ষ্যে সকল শিক্ষা বোর্ড থেকে সংগৃহীত শিক্ষার্থীদের তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ১৪/০৫/২০২৫ খ্রি. তারিখে প্রকাশ করা হয়েছে। একইসাথে উক্ত তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের ইমেইলে এবং হোয়াটসআপ গ্রুপেও প্রদান করা হয়েছে। তালিকাভুক্ত শিক্ষার্থীদের ২৫/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অগ্রণী ব্যাংক পিএলসি এর যে কোনও শাখায় একাউন্ট খোলার জন্য সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ১৭/০৫/২০২৫ খ্রি. তারিখে দৈনিক পত্রিকা “প্রথম আলো” এবং “ইত্তেফাক” এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। শিক্ষার্থীরা বিবিধ কারণে এ সময়ের মধ্যে একাউন্ট খুলতে অপারগ হওয়ায় মাঠপর্যায় থেকে মৌখিক অনুরোধের প্রেক্ষিতে শিক্ষার্থীদের ব্যাংক একাউন্ট খোলার শেষ তারিখ উল্লিখিত ২৫/০৫/২০২৫ খ্রি. তারিখের পরিবর্তে আগামী ০২/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২। তালিকাভুক্ত সকল শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট খোলা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষার্থীদের সাথে জরুরীভিত্তিতে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে পত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা:
জেলা:


24.05.2025
(প্রফেসর মো: তোফাজ্জল হোসেন)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০


স্মারক নং: পিবিজিএসআই/এসইডিপি/পুরস্কার(অংশ-১)/৪৮/২০২৪/ ২০৫

তারিখ: ১০ ই জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, দিলকুশা, ঢাকা;
- ৭। উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি, জাতীয় প্রেসক্লাব শাখা, ঢাকা;
- ৮। জেলা শিক্ষা অফিসার, সকল;
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, সকল;
- ১০। প্রতিষ্ঠান প্রধান,-----;
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাউশি অধিদপ্তর, বাংলাদেশ; (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১২। সংরক্ষণ নথি।




24.05.2025
(প্রফেসর মো: তোফাজ্জল হোসেন)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০